

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৮৫

সাব্রুম, ২৪ জানুয়ারি, ২০২৪

দেশের ইতিহাস নতুন প্রজন্মের সদস্যদের
কাছে তুলে ধরতে হবে : সমবায় মন্ত্রী

দেশের ইতিহাস, ঐতিহ্য নতুন প্রজন্মের সদস্যদের কাছে তুলে ধরতে হবে। আমাদের দেশ আগে কি ছিল এখন কোথায় গিয়ে পৌঁছেছে সে সম্পর্কে তাদের সঠিকভাবে অবহিত করতে হবে। আজ ব্রজেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ৪ দিনব্যাপী নেতাজী জন্মজয়ন্তী উৎসবের সমাপ্তি অনুষ্ঠানের প্রধান অতিথি সমবায় মন্ত্রী শুরুরাচরণ নোয়াতিয়া একথা বলেন। তিনি বলেন, বিভিন্ন উৎসবের মধ্য দিয়ে রাজ্যের কৃষ্টি সংস্কৃতিকে তুলে ধরা হয়। রাজ্যের নিজস্ব কৃষ্টি, সংস্কৃতিকে রক্ষা করার জন্য বর্তমান রাজ্য সরকার কাজ করে চলেছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সাতচাঁদ ব্লকের বিডিও অনুপম দাস। সভাপতিত্ব করেন নেতাজী উৎসব কমিটির চেয়ারম্যান হারাধন দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অনিলচন্দ্র মজুমদার, সাব্রুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত প্রমুখ।

এই উৎসব উপলক্ষে আজ সকালে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে দুগ্ধবতী গাভী এবং বকনা বাছুরের একটি প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে ২৪ জন বেনিফিসিয়ারিকে পুরস্কৃত করা হয়। এছাড়া একটি প্রশাসনিক শিবিরেরও আয়োজন করা হয়। শিবিরে ৪টি পিআরটিসি, ৯টি ওবিসি, ৪টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তর, সাব্রুম মহকুমা প্রশাসন এবং বটতলা নেতাজী উৎসব কমিটির উদ্যোগে ২১ জানুয়ারি এই উৎসব শুরু হয়েছিল।
